# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা

(বিচার শাখা)

www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ৫/২০২৩ জে, তারিখ : ১৭ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ / ০২ মার্চ, ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয় :** অধস্তন আদালত ও ট্রাইব্যুনালসমূহের সহায়ক কর্মচারীদের বদলি প্রসঙ্গে।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, অধস্তন আদালত ও ট্রাইব্যুনালসমূহের সহায়ক কর্মচারীগণ এক জেলা হতে অন্য জেলা বা মেট্রোপলিটন এলাকার যে কোনো আদালত/ট্রাইব্যুনালে কিংবা এক মেট্রোপলিটন এলাকা হতে অন্য মেট্রোপলিটন এলাকার বা জেলার যে কোনো আদালত/ট্রাইব্যুনালে সমপদে, সমস্কেলে অথবা উচ্চতর পদ হতে নিম্নতর পদে ও নিম্নতর পদ হতে উচ্চতর পদে বদলির জন্য অত্র কোর্টে আবেদন করেন। অধস্তন আদালত ও ট্রাইব্যুনালসমূহের সহায়ক কর্মচারীগণের বদলির বিষয়ে কোনো নীতিমালা না থাকায় প্রায়শই কর্মচারীগণের বদলির বিষয়ে সিদ্ধান্ত প্রদানের ক্ষেত্রে অসুবিধার সম্মুখীন হতে হয়।

২। বর্ণিতাবস্থায়, বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় অধস্তন আদালত ও ট্রাইব্যুনালসমূহের সহায়ক কর্মচারীদের বদলির আবেদন এবং নিয়োগকারী কর্তৃপক্ষ ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মতামত অত্র কোর্টের বিবেচনার জন্য প্রেরণ করার পূর্বে নিম্নলিখিত নির্দেশনাগুলো অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করেছেন:

(ক) জেলা জজ ও অধস্তন আদালতসমূহ এবং বিভাগীয় বিশেষ জজ আদালতসমূহ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৮৯ এবং জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসী ও মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেসীর আদালতসমূহ (সহায়ক কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮ সহ অধস্তন আদালত ও ট্রাইব্যুনালসমূহের জন্য প্রযোজ্য বিধিবিধান আবশ্যিকভাবে অনুসরণ পূর্বক বদলির আবেদন নিয়োগকারী কর্তৃপক্ষ ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মতামতসহ অত্র কোর্টে প্রেরণ করতে হবে;

(খ) অধস্তন আদালত ও ট্রাইব্যুনালসমূহের সহায়ক কর্মচারীগণ রাজস্ব খাতে নিয়োগ এবং চাকুরি স্থায়ীকরণ ব্যতিত বদলির আবেদন করতে পারবেন না;

(গ) জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ আদালতের নাজিরের শূন্য পদ বিধিমোতাবেক পদোন্নতির মাধ্যমে পূরণ করতে হবে। পদোন্নতির মাধ্যমে শূন্য পদ পূরণ করা না গেলে সেক্ষেত্রে জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ আদালতে নাজির পদে কর্মরত কর্মচারীগণ কেবল জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ আদালতে নাজির/সমপদে আন্তঃজেলা বদলির আবেদন করতে পারবেন। তবে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে নাজির, স্টেনোগ্রাফার, উচ্চমান সহকারী, স্টেনোটাইপিস্টসহ টেকনিক্যাল অন্য যে কোনো সমপদে কর্মরত সহায়ক কোন কর্মচারী জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ আদালতের নাজির পদে বদলির আবেদন করতে পারবেন না;

(ঘ) জেলা ও দায়রা জজ আদালতের সেরেস্তাদারের শূন্য পদ বিধিমোতাবেক পদোন্নতির মাধ্যমে পূরণ করতে হবে। পদোন্নতির মাধ্যমে শূন্য পদ পূরণ করা না গেলে সেক্ষেত্রে জেলা ও দায়রা জজ আদালতে সেরেস্তাদার পদে কর্মরত কর্মচারীগণ কেবল জেলা ও দায়রা জজ আদালতে সেরেস্তাদার/সমপদে আন্তঃজেলা বদলির আবেদন করতে পারবেন। তবে ট্রাইব্যুনালে অথবা চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে বেঞ্চসহকারী বা অন্য যে কোনো সমস্কেলভুক্ত পদে কর্মরত সহায়ক কোনো কর্মচারী জেলা ও দায়রা জজ আদালতের সেরেস্তাদার পদে বদলির আবেদন করতে পারবেন না;

(ঙ) বার্ষিক বেতনবৃদ্ধি বা উচ্চতর গ্রেড প্রাপ্ত হয়ে উচ্চতর পদের সমান মূলবেতন প্রাপ্ত হলেও কোনো সহায়ক কর্মচারী নিম্ন পদ হতে উচ্চতর পদে বেতন সমতার দাবীতে বদলির আবেদন করতে পারবেন না;

(চ) ড্রাইভার/স্টেনোটাইপিস্ট/কম্পিউটার অপারেটর/স্টেনোগ্রাফার প্রভৃতি টেকনিক্যাল পদে কর্মরত কর্মচারী নন টেকনিক্যাল পদে বদলির আবেদন করতে পারবেন না। তদ্রুপ নন টেকনিক্যাল পদে কর্মরত কোনো কর্মচারী টেকনিক্যাল পদে বদলির আবেদন করতে পারবেন না;

(ছ) কোনো সহায়ক কর্মচারী একই নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অধীনস্ত আদালত/ট্রাইব্যুনালসমূহের এক পদ হতে অন্য কোনো সমপদে বদলির আবেদন অত্র কোর্টে প্রেরণ করবেন না;

(জ) অধস্তন আদালত ও ট্রাইব্যুনালসমূহের সহায়ক কর্মচারীগণের বদলির আবেদন নিয়োগকারী কর্তৃপক্ষ ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ আবেদনপ্রাপ্তির ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে নিষ্পত্তি করবেন;

(ঝ) নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে অগ্রবর্তীকরণ পত্র ব্যতিত অত্র কোর্টে সরাসরি কোনো আবেদন গ্রহণযোগ্য হবে না;

(ঞ) আন্তঃজেলা বদলির ক্ষেত্রে অত্র কোর্টে যে কোনো তদবির উক্ত কর্মচারীর অসদাচরণ হিসেবে গণ্য করা হবে।

৩। এছাড়া, নিয়োগকারী কর্তৃপক্ষ/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক বিদ্যমান নিয়োগ বিধিমালা/বিধি অনুসরণ না করে তাঁর অধীনস্থ কোনো সহায়ক কর্মচারীকে তাঁর অধীনস্থ আদালত/ট্রাইব্যুনালের এক পদ হতে অন্য পদে পদায়ন করতে পারবেন না।

৪। এমতাবস্থায়, উপরি-উক্ত নির্দেশনাসমূহ আবশ্যিকভাবে প্রতিপালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে নির্দেশ প্রদান করা হলো।

৫। উল্লেখ্য, অত্র বিজ্ঞপ্তির নির্দেশনাসমূহ কোনোভাবেই বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রশাসনিক কারণে অধস্তন আদালত/ট্রাইব্যুনালসমূহের সহায়ক কর্মকর্তা/কর্মচারীদের আন্তঃজেলা/অভ্যন্তরীণ বদলির ক্ষমতা ক্ষুন্ন করবে না।

মাননীয় প্রধান বিচারপতির সানুগ্রহ আদেশক্রমে

**স্বাক্ষরিত**

(এসকে.এম. তোফায়েল হাসান)
রেজিস্ট্রার (বিচার)
হাইকোর্ট বিভাগ
ফোন: ০২২২৩৩৫৮৭৮০
ইমেইল: registrar.judicial@supremecourt.gov.bd

স্মারক নং-২১১৭ জে, তারিখ : ১৭ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ / ০২ মার্চ, ২০২৩ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,------------------------------------------------------ ----------- (সকল)।
৩। মহানগর দায়রা জজ, ------------------------------------------------------------- (সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ------------------------------------(সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ---------------------------- (সকল)।
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,------- ------------ (সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,--------- --------------------- --------- (সকল)।
৮। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, --------------------- --------- (সকল)।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১০। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,------------------------------------------ (সকল)।
১১। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১২। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ---------------------------------------------- (সকল)।
১৩। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ------------------------------------(সকল)।
১৪। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ....................... (সকল)।
১৫। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ...................................................... (সকল)।
১৬। বিচারক ( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১৭। সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,................... (সকল)।
১৮। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা।
১৯। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২০। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২১। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২২। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৩। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা।
২৪। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৫। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
২৬। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।

(২–২৬: প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

২৭। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৮। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
২৯। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৩০। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩১। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩২। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৩। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৪। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৫। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৬। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৩৭। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,---------------------------------------------------------(সকল)।
৩৮। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,----------------------------------------------------(সকল)।
৩৯। আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪১। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল........(চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
৪২। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৩। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৪। মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪৬। অফিস কপি।

RRahman
02.03.23
(রাশেদুর রহমান)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোন: ০২২২৩৩৮১৯৩২